

মোবাইল :
অফিস :অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)র দপ্তর
রুক-এফ, লেভেল-৫, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
E-mail: adgpl.bwdb@gmail.comPhone :
Office :

স্মারক নং-পরিকল্পনা/কমিটি/২০২০(৩য় খন্ড)/৫১

তারিখঃ ০১-১২-২০২০ খ্রিঃ

দপ্তরাদেশ

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলায় তুঁত চাষের জন্য প্রস্তাবিত শেখ হাসিনা মালবেড়ী গার্ডেন প্রকল্পটি স্থানটির স্থায়ীত্ব ও কারিগরি সম্ভাব্যতা যাচাই-বাহাইয়ের মাধ্যমে বিস্তারিত প্রতিবেদন দাখিলের জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অস্ট করতে পারবে।

ক্রমিক নং	কর্মকর্তাদের নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৬, বাপাউবো, ঢাকা।	আহবায়ক
২।	জনাব এ, এস, এম, আতাউর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ৬৪ জেলা খাল খনন প্রকল্প, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	ড. মোহা. সরফরাজ বান্দা, নির্বাহী প্রকৌশলী, পিএমইউ-ক্লাস্টার প্রজেক্ট, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি।	সদস্য
৫।	সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি।	সদস্য
৬।	নির্বাহী প্রকৌশলী, নবাবগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, চাপাইনবাবগঞ্জ।	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ

- কমিটি সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;
 - প্রস্তাবিত এলাকার সকল নদী/খালসমূহ পুনরুদ্ধার ও ব্যবস্থাপনার নিরীখে নদী/খালসমূহের ভাঙ্গনের কারণ, প্রবণতা ও প্রতিকার, বন্যার কারণ ও প্রতিকার, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন, সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোর পুনর্বাসন এবং অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;
 - বিষয়ভূক্ত স্থানটির স্থায়ীত্ব বৃদ্ধির উপায় হিসেবে বিবেচিত হলে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;
 - অত্র সমীক্ষা সম্পাদন কমিটির বিবেচনায় প্রকল্প গ্রহণের সুপারিশ থাকলে বাপাউবোর চলতি রোট সিডিউল অনুসারে হালনাগাদ তথ্য-উপাত্ত ভিত্তিক প্রস্তুতকৃত অনুমোদিত সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশার ভিত্তিতে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;
 - প্রকল্প গ্রহণ করা হলে তা বাস্তবায়নে পরিবেশগত বিরূপ প্রভাব বিশ্লেষণ ও ঋণাত্মক প্রভাব নিরাময়ের সম্ভাব্য উপায়সমূহ নিরূপণপূর্বক পরিবেশ সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও সংযুক্ত করবেন;
 - বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন।
- কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে ৩(তিন) প্রক্ষে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।
 - মূল প্রতিবেদনের Soft Copy(Text) অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা) মহোদয়ের adgpl.bwdb@gmail.com ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।
 - মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে ও কাযার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৬, বাপাউবো, ঢাকা।
- ২। জনাব এ, এস, এম, আতাউর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ৬৪ জেলা খাল খনন প্রকল্প, বাপাউবো, ঢাকা।
- ৩। ড. মোহা. সরফরাজ বান্দা, নির্বাহী প্রকৌশলী, পিএমইউ-ক্লাস্টার প্রজেক্ট, বাপাউবো, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, নবাবগঞ্জ পওর বিভাগ, বাপাউবো, চাপাইনবাবগঞ্জ।
- ৫। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
- ৬। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- ২-৩। প্রধান প্রকৌশলী, নকশা/উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/ রাজশাহী।
- ৪-৫। প্রকল্প পরিচালক, পিএমইউ-ক্লাস্টার প্রজেক্ট/ ৬৪ জেলা খাল খনন প্রকল্প, বাপাউবো, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পওর সার্কেল, বাপাউবো, রাজশাহী।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৮। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৯-১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।